6

তারিখ 12 DEC 1994
পৃষ্ঠা ৬ কলাম ৩

আজকের কাগজ

## প্রাথমিক শিক্ষা ক্যাডার সৃষ্টি করা হোক

দেশে বর্তমানে বিভিন্ন মন্ত্রণালয়ের অধীনে বিভিন্ন ক্যাডার সার্ভিস রয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে রয়েছে সাধারণ শিক্ষা ক্যাডার। সম্প্রতি দেশে বাধ্যতামূলক ও সর্বজনীন প্রাথমিক শিক্ষা কার্যক্রম প্রবর্তিত হওয়ার ফলে প্রাথমিক শিক্ষার কর্মপরিধি অত্যন্ত বৃদ্ধি পেয়েছে। প্রাথমিক শিক্ষায় নিয়োজিত শিক্ষক, প্রশিক্ষক, পরিদর্শক, প্রশাসক ও কর্মচারিসহ মোটজনবল দেশের অন্য যে কোন বিভাগ তথা মন্ত্রণালয়ের চেয়েও বেশি। প্রাথমিক শিক্ষায় নিয়োজিত শিক্ষকসহ কর্মকর্তা ও কর্মচারির সংখ্যা প্রায় দুই লাখ হবে। বর্তমান সরকার মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে প্রাথমিক শিক্ষার উন্নয়নের জন্যে এর কর্মপরিধি বিবেচনা করে শিক্ষা মন্ত্রণালয়ের সমমর্যাদা সম্পন্ন "প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ" নামে একটি বিভাগ সৃষ্টি করে এর দায়িত্বে একজন সচিব নিয়োগ করেছেন এবং মাননীয়া প্রধানমন্ত্রী নিজে এ বিভাগের দায়িত্ব নিয়েছেন। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বিভাগীয় উপ-পরিচালকের অফিস। জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী, পিটিআই, জেলা প্রাথমিক শিক্ষা অফিস ও থানা শিক্ষা অফিসসহ প্রাথমিক শিক্ষার বিভিন্ন স্তরে নিয়োজিত প্রশাসক, প্রশিক্ষক, শিক্ষক, পরিদর্শক ও বিশেষজ্ঞদের নিয়ে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের অধীনে "প্রাথমিক শিক্ষা ক্যাডার" নামে একটা আলাদা শিক্ষা ক্যাডার সৃষ্টি করলে প্রাথমিক শিক্ষার সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ আরও আন্তরিক ও দায়িত্বশীলভাবে কাজ করার সুযোগ পাবে। বর্তমানে শিক্ষাক্যাডারভুক্ত যে সব উচ্চ পদস্থ কর্মকর্তা প্রাথমিক শিক্ষার বিভিন্ন উচ্চপদে প্রেষণে নিয়োজিত আছেন তাঁরা প্রাথমিক শিক্ষা পদ্ধতি ও ব্যবস্থাপনায় অভিজ্ঞতা লাভের আগেই অনেক সময় চলে যায়। কারণ তারা এ বিভাগের স্থায়ী কর্মকর্তা নন। এ পদ্ধতিটা অনেকটা ঔপনিবেশিক প্রশাসন পদ্ধতির মত। কোন বিভাগের স্থায়ী কর্মকর্তা ছাড়া ঐ বিভাগের জবাবদিহিতা নিশ্চিত করা যায় না। তাই প্রাথমিক শিক্ষার উন্নয়নের জন্যে যুক্তিসঙ্গত নিয়মানুযায়ী প্রাথমিক শিক্ষার প্রসারণ, প্রশিক্ষণ ও পরিদর্শন কাজে নিয়োজিত পদস্থ কর্মকর্তা ও নতুন কিছু পদের সমন্বয়ে আলাদা প্রাথমিক শিক্ষা ক্যাডার চালু করলে প্রাথমিক শিক্ষায় গতিশীলতা বৃদ্ধি পাবে এবং জবাবদিহিতা নিশ্চিত হবে।

আবদুল আওয়াল
*পি, টি, আই, বি-বাড়িয়া।*